

TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022

BENGALI

(5th Semester)

Course No. : BNGDSE-501T

(বাংলা শিশুসাহিত্য ও জীবনী সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×২০=২০

১। ‘শিশু ভোলানাথ’ কাব্যগ্রন্থে সর্বমোট কয়টি কবিতা আছে ?

২। কোন্ দেশ ভ্রমণ শেষে রবীন্দ্রনাথ ‘শিশু ভোলানাথ’-এর
কবিতাগুলি লিখতে বসেন ?

- ৩। “শিশু হবার ভরসা আবার
জাগুক আমার প্রাণে,”
পঙক্তিটি কোন্ কবিতার অন্তর্গত ?
- ৪। “এক পায়ে দাঁড়িয়ে
সব গাছ ছাড়িয়ে
উঁকি মারে আকাশে।”
কে আকাশে উঁকি মারে ?
- ৫। “... ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমীরে
পথ শুধিয়ে নিতেম আমি ...”
শিশুসাহিত্যের কোন্ শাখায় ‘ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমী’-দের দেখা
পাওয়া যায় ?
- ৬। দক্ষিণারঞ্জন মিত্রমজুমদারের জন্মসন কত ?
- ৭। ‘ঠাকুরমার ঝুলি’র লেখকের মায়ের নাম কী ?
- ৮। ‘সুখু আর দুখু’ গল্পটি ‘ঠাকুরমার ঝুলি’র কোন্ খণ্ডের
অন্তর্ভুক্ত ?
- ৯। ‘কাঁকনমালা কাঞ্চনমালা’ গল্পে আসল রাণী কে ?
- ১০। ‘কিরণমালা’ গল্পে তিন বোনের মধ্যে কোন্ বোন রাজার সঙ্গে
বিয়ের বাসনা প্রকাশ করেছিল ?

- ১১। উপেন্দ্রকিশোর রায়চৌধুরী কোন্ জেলায় জন্মগ্রহণ করেন?
- ১২। সুকুমার রায় উপেন্দ্রকিশোরের কে হন?
- ১৩। 'গুপি গাইন বাঘা বাইন' চলচ্চিত্রের মূল গল্পটির লেখক কে ছিলেন?
- ১৪। "রাজার ঘরে যে ধন আছে
টুনির ঘরেও সে ধন আছে।"
কোন্ গল্পে টুনটুনি একথা বলেছিল?
- ১৫। নরহরি দাস আসলে কে?
- ১৬। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পিতার নাম কী?
- ১৭। বিদ্যাসাগরের 'শকুন্তলা' গ্রন্থটি কোন্ গ্রন্থ থেকে অনূদিত?
- ১৮। কোন্ কলেজ ঈশ্বরচন্দ্রকে 'বিদ্যাসাগর' উপাধিতে ভূষিত করে?
- ১৯। হিন্দু কলেজ বর্তমানে কী নামে পরিচিত?
- ২০। বিদ্যাসাগরের জীবনের সবথেকে সেরা সমাজ-সংস্কারমূলক কাজ কোনটি?
- ২১। কথাসাহিত্যিক শংকরের আসল নাম কী?

(Turn Over)

- ২২। তোমার পঠিত 'অচেনা অজানা বিবেকানন্দ' ছাড়া শংকর রচিত অন্য একটি বিবেকানন্দ-বিষয়ক গ্রন্থের নাম লেখো।
- ২৩। স্বামী বিবেকানন্দের একজন ভাইয়ের নাম লেখো।
- ২৪। স্বামী বিবেকানন্দ প্রতিষ্ঠিত মঠটির নাম কী?
- ২৫। স্বামীজীর জন্মসন কত?

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- ২৬। রবীন্দ্রনাথের পিতার নাম কী? কবি কত সালে নোবেল পুরস্কার লাভ করেন?
- ২৭। “আমি যে রোজ সকাল হলে
যাই শহরের দিকে চলে”
কার, কী ধরনের গাড়ি চড়ে কবিতার কথক শহরের দিকে যাত্রা করেন?
- ২৮। কার সহায়তায়, কোন্ প্রকাশনা সংস্থা থেকে 'ঠাকুরমার ঝুলি' প্রকাশিত হয়েছিল?
- ২৯। 'শীত বসন্ত' গল্পে দুয়োরালীর দুই ছেলে—তাদের নাম কী কী?

- ৩০। “প্রণাম হই মহারানী”—কে, কাকে ‘মহারানী’ বলে সম্বোধন করেছে?
- ৩১। কুঁজো বুড়ির কুকুর দুটির নাম কী ছিল?
- ৩২। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কবে, কোন্ গ্রামে জন্মগ্রহণ করেন?
- ৩৩। ঈশ্বরচন্দ্রের স্বরচিত জীবনীগ্রন্থটির নাম কী? তাঁর রচিত একটি ব্যাকরণ গ্রন্থের নাম লেখো।
- ৩৪। “আমার ছেলে চব্বিশ বছর বয়সে সন্ন্যাসী হয়েছিল”—এই কথা বলতেন তাঁর গর্ভধারিণী। এখানে ‘গর্ভধারিণী’ কে? তিনি কীভাবে ইংরেজি শিখেছিলেন?
- ৩৫। স্বামী বিবেকানন্দের মাতৃভক্তি প্রসঙ্গে লেখক শংকর দুজন মহাপুরুষের মাতৃভক্তির উল্লেখ করেছেন। সেই দুজন মহাপুরুষ কে কে?

SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

- ৩৬। “‘শিশু ভোলানাথ’ কাব্যগ্রন্থের কবিতাগুলিতে শিশু রবীন্দ্রনাথের নিজের শৈশব জীবনের নানা রঙ-বেরঙের লীলাখেলা বর্ণিত হয়েছে।” তোমার পাঠ্য কবিতাগুলিতে এই মন্তব্যের সমর্থন পাওয়া যায় কি না, আলোচনা করো।
- ৩৭। ‘শিশু ভোলানাথ’ সম্বন্ধে রবীন্দ্রনাথ ‘পশ্চিম যাত্রীর ডায়ারি’তে লিখেছেন—“অন্তরের মধ্যে যে শিশু আছে তারই খেলার ক্ষেত্র লোকে লোকান্তরে বিস্তৃত।” তোমার পাঠ্য যে কোনো দুটি কবিতা অবলম্বনে মন্তব্যটির সারবত্তা আলোচনা করো।

৩৮। “দক্ষিণারঞ্জন মিত্রমজুমদারের ‘ঠাকুরমার ঝুলি’ রোমান্স-ভরা গল্পের সমাহার।” আলোচনা করে।

৩৯। ‘ঠাকুরমার ঝুলি’র ভূমিকায় রবীন্দ্রনাথ লিখেছেন—“তিনি ঠাকুরমার মুখের কথাকে ছাপার অক্ষরে তুলিয়া পুঁতিয়াছেন তবু তাহার পাতাগুলি প্রায় তেমনি সবুজ, তেমনি তাজাই রহিয়াছে; রূপকথার সেই বিশেষ ভাষা, বিশেষ রীতি, তাহার সেই প্রাচীন সরলতাটুকু তিনি যে এতটা দূর রক্ষা করিতে পারিয়াছেন, ইহাতে তাহার সূক্ষ্ম রসবোধ ও স্বাভাবিক কলানৈপুণ্য প্রকাশ পাইয়াছে।” তোমার পঠিত যে কোনো একটি গল্প অবলম্বনে রবীন্দ্র কথিত এই ‘কলানৈপুণ্য’ কীভাবে প্রকাশ পেয়েছে, দেখাও।

৪০। “উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর ‘টুনটুনির বই’ উপকথার একটি উল্লেখযোগ্য নিদর্শন।” উপকথা সম্পর্কে বিস্তৃত আলোচনা করে এই মন্তব্যের যৌক্তিকতা প্রতিপন্ন করে।

৪১। “বুদ্ধি, সাহসিকতা ও ঐক্যবদ্ধ শক্তির জোরে ক্ষুদ্র শক্তির অধিকারী হয়েও বৃহৎ শক্তির অন্যায় জুলুম কীভাবে প্রতিহত করা যায়, ‘টুনটুনির বই’-এর অনেক গল্পে তারই কৌতুকপূর্ণ পরিণাম দেখা যায়।” তোমার পঠিত যে কোনো একটি গল্প অবলম্বনে ক্ষুদ্র শক্তির জয় কীভাবে ঘটেছে, আলোচনা করে।

৪২। তোমার পাঠ্য ‘ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর’ গ্রন্থে ‘নারীদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে’ পাঠে নারীদের নিয়ে বিদ্যাসাগরের যে চিন্তাধারার প্রতিফলন ঘটেছে তার বর্ণনা দাও।

- ৪৩। “বিদ্যাসাগর বাংলা ভাষার প্রথম যথার্থ শিল্পী ছিলেন। তৎপূর্বে বাংলা গদ্যের সূচনা হইয়াছিল, তিনিই সর্বপ্রথমে বাংলা গদ্যে কলানৈপুণ্যের অবতারণা করেন।” রবীন্দ্রনাথের এই উক্তির আলোকে ‘বাংলা গদ্যের স্রষ্টা’রূপে বিদ্যাসাগরের অবদান বিষয়ে আলোকপাত করো।
- ৪৪। শংকরের ‘অচেনা অজানা বিবেকানন্দ’ গ্রন্থের ‘সন্ন্যাসী ও গর্ভধারিণী’ পাঠ অবলম্বনে জমি বিবাদে ব্যতিব্যস্ত মাকে স্বামী বিবেকানন্দ কীভাবে সাহায্য করেছিলেন সে বিষয়টি সম্পর্কে আলোকপাত করো।
- ৪৫। শংকর রচিত ‘অচেনা অজানা বিবেকানন্দ’ গ্রন্থের ‘সন্ন্যাসী ও গর্ভধারিণী’ অধ্যায় অবলম্বনে স্বামী বিবেকানন্দের পিতা বিশ্বনাথ দত্ত সম্বন্ধে যা জান লেখো।
